

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪৫১

কৈলাসহর, ০৩ অক্টোবর, ২০২৪

কৈলাসহর মহকুমা ভিত্তিক সুর সম্রাট শচীন দেববর্মণ জন্মজয়ন্তী উদযাপিত

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে সুর সম্রাট শচীন দেববর্মণের জন্মজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে। অনুষ্ঠানের উদ্বোধন করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়। সভাপতিত্ব করেন উনকোটি জিলা পরিষদের সদস্য শ্যামল দাস। উপস্থিত ছিলেন জিলা পরিষদের সদস্য বিমল কর, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা বিশ্বজিৎ দেব ও তথ্য ও সংস্কৃতি আধিকারিক সুকান্ত মলসই। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ সুর সম্রাট শচীন দেববর্মণের সঙ্গীত জীবন নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানের শুরুতে উপস্থিত অতিথিগণ শচীন দেববর্মণের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা সংগীত ও নৃত্য পরিবেশন করেন। তাছাড়া একক সঙ্গীত ও পরিবেশিত হয়।

\*\*\*\*\*